

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮- ৪৯২

তারিখঃ ০৫/১১/২০১৯ খ্রিঃ


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ০৮ জন অফিস সহায়ককে যে সকল উপজেলায় মাঠ সংগঠকের পদ শূণ্য/ ঋণ বিতরণের পরিমাণ বেশী সে সকল উপজেলায় মাঠ সংগঠকের ন্যায় দায়িত্ব পালনের জন্য বদলি/পদায়ন করা হয় এবং বর্ণিত অফিস সহায়কদের কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য বদলি/পদায়নকৃত কর্মস্থলের ইতিপূর্বে অর্জিত দায়মুক্ত তহবিল এবং তাঁকে দায়িত্ব প্রদানকৃত সমিতির আদায়কৃত ঋণের সেবামূল্য হতে প্রথম ০৬ (ছয়) মাসের বেতন ভাতার সংস্থান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ সংগঠকের দায়িত্ব পালনকারী অফিস সহায়কগণ উপরোক্ত ব্যবস্থাকে সুযোগ হিসেবে বিবেচনা করে যথাযথভাবে দায়িত্ব পালন না করে দায়মুক্ত তহবিল হতে বেতন ভাতা গ্রহণ করছেন, যা কোনভাবেই কাম্য নয়। তাই বর্ণিত অফিস সহায়কদের ১ম ০৬ মাস অর্জিত দায়মুক্ত তহবিল এবং দায়িত্ব প্রদানকৃত সমিতির আদায়কৃত ঋণের সেবামূল্য হতে নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক বেতনভাতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ক. বর্ণিত অফিস সহায়কদের দায়িত্ব প্রদানকৃত সমিতির আদায়কৃত ঋণের সেবামূল্য হতে অর্জিত আয় তাদের বেতনভাতার ন্যূনতম ৫০% এর সমান হলে দায়মুক্ত তহবিল হতে অবশিষ্ট ৫০% বেতনভাতা ফেব্রুয়ারী/২০২০ খ্রিঃ পর্যন্ত প্রাপ্য হবেন;

খ. অর্জিত আয় তাদের বেতনভাতার ৫০% এর কম হলে দায়মুক্ত তহবিল হতে অবশিষ্ট বেতনভাতা প্রাপ্য হবেন না, সেক্ষেত্রে শুধুমাত্র অর্জিত আয়ের তহবিল হতে বেতনভাতা প্রাপ্য হবেন।

২। কর্মসূচি'র স্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। এছাড়া এ আদেশ স্মারক নং ৩৯৫ তারিখঃ ০৮/০৯/২০১৯ খ্রিঃ মূলে জারিকৃত নির্দেশনার সংশোধন/ সংযোজন হিসেবে গণ্য হবে। এছাড়া বর্ণিত আদেশের কার্যকারিতা আগামী ফেব্রুয়ারী/২০২০ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে এবং পরবর্তী মাস হতে অন্যান্য কর্মচারীর ন্যায় অর্জিত আয় হতে বেতনভাতা প্রাপ্য হবেন।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত ১৫ টি জেলা)।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ ----- জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত ৫৯ টি উপজেলা)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ -----
৫. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।